

কৃষি ও সেচ সংক্রান্ত উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : মোঃ আবু বাক্কার সিদ্দিক
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী
তারিখঃ : ০৯/০২/২০২২ খ্রি.
সময় : বেলা ১০.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১। আলোচনা ও সিদ্ধান্তঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|-----------|--|---|-----------------------|
| ০১ | গভীর ও অগভীর নলকুপের সেচ লাইসেন্স বিষয় আলোচনা | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় বেশ কিছু গভীর ও অগভীর নলকুপ মালিক এখনও সেচ লাইসেন্স গ্রহণ করেনি ফলে সে সকল গভীর ও অগভীর নলকুপে বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না ফলে আগামী সেচ মৌসুমে সেচ কার্য ব্যহত হতে পারে। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার যে সকল গভীর ও অগভীর নলকুপ মালিক এখনও সেচ লাইসেন্স গ্রহণ করেননি তাদের অতিসত্বর উপজেলা সেচ কমিটি হতে সেচ লাইসেন্স গ্রহণের জন্য তাগিদ দেয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | বালাই দমন | চেয়ারম্যান, কলমা ইউপি সভায় জানান যে, ফসলের মাঠে পোকামাকরের আক্রমণসহ অন্যান্য বালাই দমন করা কিছুতেই সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার কৃষকদের ফসলে পোকা-মাকড়ের আক্রমণের করণীয় শীর্ষক সেমিনার ও উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৩ | কৃষকদের প্রশিক্ষণের জন্য প্রকল্প গ্রহণ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ফসলের রোগ-বালাই দমন ও বিভিন্ন ফসল চাষাবাদের বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা আবশ্যিক। কিন্তু অর্থাভাবে সম্ভব হচ্ছে না হেতু তিনি কৃষকদের প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। এতদ বিষয়ে আলোচনান্তে সেমিনার আয়োজন বিষয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়। এবং উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।


(মোঃ আবু বাক্কার সিদ্দিক
সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
তানোর, রাজশাহী

স্মারক নং- উপকা/তানঃ/রাজঃ/২০২২- ৮৮০

তারিখঃ ১৩/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো

- ১। জেলা প্রশাসক, রাজশাহী
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, রাজশাহী
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তানোর, রাজশাহী
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী
- ৫। উপজেলা.....অফিসার, তানোর, রাজশাহী
- ৬। চেয়ারম্যান.....ইউপি, তানোর, রাজশাহী

(মোঃ আবু বাক্কার সিদ্দিক
সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তানোর, রাজশাহী

পরিশিষ্ট- ক

তারিখঃ

| ক্রমিক নং | নাম/পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|-----------|---|--------------|------------|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ তানোর, রাজশাহী। | সভাপতি | |
| ০২ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তানোর, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, তালন্দ, ইউনিয়ন পরিষদ তানোর, রাজশাহী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, চান্দুড়িয়া, ইউনিয়ন পরিষদ তানোর, রাজশাহী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তানোর, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, তানোর, রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |